

নং-৮০.১০৭.০১১.০০.০০.০১৩.২০১৫-৭৪

তারিখ : ৩০ মার্চ-২০১৭ খ্রিষ্টাব্দ
১৬ চৈত্র-১৪২৩ বঙ্গাব্দ

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইটেন্যান্স ওয়ার্কসপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি) এর “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিনিয়াল)”, “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)” ও “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশন)” এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের “ডিজাইনার” পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচী।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইটেন্যান্স ওয়ার্কসপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি) এর ২য় শ্রেণি (১০ম গ্রেড) “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিনিয়াল)”, “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)” ও “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশন)” এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের “ডিজাইনার” পদে সরাসরি নিয়োগের জন্য আগামী ১৩-০৪-২০১৭ তারিখ বৃহস্পতিবার, বেলা-১.৩০ থেকে ৪.৩০ ঘটিকায় বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের হল রুম, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা কেন্দ্রে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরীক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলী :-

- ১) এ পদগুলোর আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে। অনলাইনে আবেদনকারী প্রার্থীগণ তাদের স্ব স্ব প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েব সাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
- ২) পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
- ৩) পরীক্ষা কক্ষে সাইনটফিক ক্যালকুলেটর, বই-পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র এবং হাত-ঘড়ি আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার হলে এবং গেটে মোবাইল ফোনের জন্য বিশেষ তল্লাশী অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে মোবাইল ফোন পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।
- ৪) “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিনিয়াল)”, “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)” ও “উপ-সহকারী মেরামত প্রকৌশলী (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশন)” এবং “ডিজাইনার” পদের প্রার্থীদের বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও টেকনিক্যাল বিষয়ে ২০০ নম্বরের ৩ ঘণ্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৫) একই সাথে ০৪টি বিষয়ের জন্য ০৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণকে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- ৬) হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই হতে হবে।
- ৭) কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

- ❖ পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
- ❖ চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)